

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০১.১৬-৪৪৯

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৬
১০ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলার ১০/০৪/২০১৮ তারিখের রায় এবং তদপেক্ষিতে উদ্ভূত কনটেন্ট পিটিশন নং-৪০/২০১৯ এর পরিপ্রেক্ষিতে জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন চেঙ্গারগড় নুরুল হুদা আলিম মাদরাসার সহকারী শিক্ষিকা মোসাঃ বর্ণা আক্তার এর নাম এমপিওভুক্তকরণ সংক্রান্ত।

সূত্রঃ (১) মোছাঃ বর্ণা আক্তার, সহকারী শিক্ষিকা, চেঙ্গারগড় নুরুল হুদা আলিম মাদরাসা এর ২০/৫/২০১৯ তারিখের আবেদন।
(২) মোঃ ফরিদুল হক খান (দুলাল), মাননীয় সাংসদ, জামালপুর-২ এর ২৯/৫/২০১৯ তারিখের ডি.ও পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন চেঙ্গারগড় নুরুল হুদা আলিম মাদরাসার শূন্যপদে সহকারী শিক্ষিকা মোসাঃ বর্ণা আক্তার নিয়োগপ্রাপ্তির পর এমপিওভুক্তির জন্য বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক গত ০৯/০৭/২০১৩ তারিখে ডিজি, মাউশি অধিদপ্তর বরাবর একটি আবেদন দাখিল করা হয়।

২. উক্ত আবেদনের বিষয়ে কোন প্রতিকার না পাওয়ায় সহকারী শিক্ষিকা (সামাজিক বিজ্ঞান) মোসাঃ বর্ণা আক্তার কর্তৃক নিজ নাম এমপিওভুক্তির লক্ষ্যে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলা দায়ের করা হয়।

৩। উক্ত রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলায় মাননীয় আদালত কর্তৃক গত ১০/০৪/২০১৮ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা নিম্নরূপ-

"Accordingly, the rule is disposed of, there will be no order as to cost. The respondents are hereby directed for enrollment of the petitioner to pay the Government Portion of Salary as an Assistant Teacher in dengarghor Nurul Huda Alim Madrasha situated within 2 (two) months and also further directed the respondents to dispose of the application dated 09/07/2013 filed by the petitioner within 2 (two) months from the date of receipt of a copy of this judgment positively."

৪। আবেদনকারী বর্ণা আক্তারের ২৯.০৫.১৯ খ্রি: তারিখের আবেদনের সাথে সংযুক্ত তথ্যাবলি, আপিল বিভাগ, সুপ্রিম কোর্ট কর্তৃক ২৩.০৫.১৯ খ্রি: তারিখে প্রদত্ত প্রত্যয়ন হতে দেখা যায় যে গত ১৯.০৫.১৯ খ্রি: তারিখ পর্যন্ত রিট পিটিশন নং ৪৫০/১৬ মামলায় মাননীয় আদালত কর্তৃক গত ১০/০৪/২০১৮ খ্রি: তারিখে প্রদত্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে কোন আপিল দায়ের হয়নি মর্মে স্পষ্ট হয়। তাছাড়া রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলায় মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত গত ১০/০৪/২০১৮ তারিখের রায়/আদেশ বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কর্তৃক কনটেন্ট পিটিশন নং-৪০/২০১৯ মামলা দায়ের করা হয়।

৫। বিশেষভাবে উল্লেখ্য যে, The Supreme Court of Bangladesh (Appellate Division) Rules, 1998 এর অর্ডার XIII এর বিধান অনুযায়ী রিট মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়েরের মেয়াদ ৬০ (ষাট) দিন।

৬। যেহেতু তামাদির মেয়াদ পার হওয়ার পর টিএমইডি হতে নির্দেশনা দেয়ার পরও ডিজি, ডিএমই কর্তৃক (সরকার পক্ষে) কোন আপীল দায়ের হয়নি, সেহেতু এরপর আপিল দায়ের হলেও পূর্বের নজির হিসেবে তামাদির কারণে মহামান্য আপিল বিভাগ কর্তৃক উক্ত আপিল আবেদন খারিজ হবে মর্মে প্রতীয়মান হয়।

৭। এক্ষণে, নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলার ১০/৪/২০১৮ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে ৪২৫ দিন অতিক্রান্ত হয়ে যাওয়ায় অব্যবধি আপীল দায়ের না হওয়ায় (সুপার, আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন মতে) বর্ণিত রিট মামলার আদেশ অনুযায়ী জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন চেঙ্গারগড় নুরুল হুদা আলিম মাদরাসার সহকারী শিক্ষিকা (সামাজিক বিজ্ঞান) মোসাঃ বর্ণা আক্তার-এর নাম জুলাই/১৯ মাস হতে এমপিও-তে অন্তর্ভুক্ত করা;

(খ) রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলার ১০/৪/২০১৮ তারিখের রায়/আদেশ বাস্তবায়নক্রমে নিজস্ব আইনজীবী দ্বারা রায় বাস্তবায়নের বিষয়টি সংশ্লিষ্ট কনটেন্ট পিটিশন আদালতকে অবহিত করা;

(গ) রিট পিটিশন নং-৪৫০/২০১৬ মামলার ১০/৪/২০১৮ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আপীল দায়েরের জন্য ডিএমই এর বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব আব্দুল মাবুদ মাসুমকে ০৭/০১/১৯ তারিখে পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হলেও উক্ত রায়ের বিরুদ্ধে ১৯/০৫/২০১৯ তারিখ পর্যন্ত কোন আপীল মামলা দায়ের না হওয়ার কারণ ব্যাখ্যা করা;

৮। উপরিউক্ত মতে ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার (প্রমাণক) তথ্য আগামি ৩০/৭/২০১৯ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

মোঃ আঃ খালেদ মিঞা
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩

৩৭/৩/এ, ইক্সটেন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫. অধ্যক্ষ, চেঙ্গারগড় নুরুল হুদা আলিম মাদরাসা, ডাকঘর- চেঙ্গারগড়, উপজেলা- মেলান্দহ, জেলা-জামালপুর।

৬. জনাব মোছাঃ বর্ণা আক্তার, সহকারী শিক্ষিকা (সামাজিক বিজ্ঞান), চেঙ্গারগড় নুরুল হুদা আলিম মাদরাসা, ডাকঘর- চেঙ্গারগড়, উপজেলা- মেলান্দহ, জেলা-জামালপুর।

৭. চ. অফিস কপি/মাস্টার কপি